ঝিনাইদহে ১০ গ্রেডে বেতনের দাবীতে ডিপ্লোমা সার্ভেয়ারদের কর্মবিরতি

১০ম গ্রেডে বেতনের দাবীতে কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট পালন করেছেন বৈষম্যবিরোধী সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ছাত্র-পেশাজীবী অধিকার বাস্তবায়ন পরিষদ। আজ বৃহস্পতিবার (৩ অক্টোবর) সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মবিরতি পালন করেন তারা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, ১০ গ্রেডে বেতনের দাবীতে ৬৪ জেলার সকল ডিপ্লোমা সার্ভেয়াররা কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট পালন করছেন বৈষম্যবিরোধী সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ছাত্র-পেশাজীবী অধিকার বাস্তবায়ন পরিষদ।

এর ধারাবাহিকতায় ঝিনাইদহের বৈষম্যবিরোধী সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ছাত্র-পেশাজীবী অধিকার বাস্তবায়ন পরিষদও কর্মসুচী পালন করেন। আজ সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত ৩ য় দিনের মতো ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মবিরতি পালন করেন তারা।

আন্দোলনকারীরা বলেন, উচ্চ আদালতের আদেশ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সুপারিশ এবং গেজেটের আলোকে সার্ভে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের পদটিকে দ্বিতীয় শ্রেণীর মর্যাদায় উন্নীত করে ১০ম গ্রেডে বেতন বাস্তবায়নের দাবী তাদের। এ দাবী আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন কর্মসুচী থেকে।

কর্মসূচিতে ছিলেন, ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত সার্ভেয়ার আ: রহিম, কোটচাঁদপুর ভূমি অফিসের মরতুজ আলী, মনিরুল হক, উন্নয়ন বোর্ডের সার্ভেয়ার আ: বাতেন, এলজিইডির সার্ভেয়ার আতিকুর রহমান, সড়ক বিভাগের সার্ভেয়ার সোহেল রানা, সার্ভয়ার ইজাজুল ইসলাম, নাজমুল হাসান সোহেল, রিয়াজুল ইসলাম, সাজ্জাদ হোসাইন শুভ, সজিব আহমেদ, পানিখাইরুল ইসলাম, আব্দুল্লাহ আল মামুন।

গেল ১ অক্টোবর থেকে আন্দোলনকারী এ কর্মসুচী পালন করে আসছেন।

একই দাবীতে বাংলাদেশের ৬৪ টি জেলায় এ কর্মসূচি পালিত হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।